

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:11-08-2024
Time: 07.20-07.25 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM, Haemophilia :

মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের জনগণের স্বাস্থ্য সুরক্ষায় বর্তমান সরকার ধারাবাহিকভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। উন্নত স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণে রাজ্যের জেলা, মহকুমা ও গ্রামীণ জনপদে উপযুক্ত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। গতকাল আগরতলায় উত্তর-পূর্ব হিমোফিলিয়া কনসোর্টিয়ামের ৭ম বার্ষিক সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন।

সম্মেলনে মুখ্যমন্ত্রী বলেন, হিমোফিলিয়া একটি বিরল এবং জিনগত রোগ, যা মানুষের শরীরে রক্ততঞ্চনে বাধা সৃষ্টি করে। তিনি জানান আমাদের রাজ্যে বর্তমানে ৭৭ জন হিমোফিলিয়া রোগী নথিভুক্ত রয়েছে। হিমোফিলিয়া রোগীদের নিয়মিত চিকিৎসার প্রয়োজন রয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, আমাদের রাজ্যের আইজিএম হাসপাতাল এই রোগের জন্য স্টেট নোডাল সেন্টার। রাজ্যে বিনামূল্যে এই রোগের চিকিৎসায় সরকার উদ্যোগ নিয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, উত্তর-পূর্ব হিমোফিলিয়া কনসোর্টিয়াম এই রোগ নিরাময়ের লক্ষ্যে কাজ করছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, রাজ্যের হেলথ সার্ভিসের ভারপ্রাপ্ত অধিকর্তা ডা. সৌভিক দেববর্মা, উত্তর পূর্ব হিমোফিলিয়া কনসোর্টিয়ামের সভাপতি ডা. জোরাম খোপে প্রমুখ উপস্থিত ছিলেন।

Training-Counting :

ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের পঞ্চায়েত নির্বাচনের গননাকর্মীদের প্রশিক্ষণ কর্মসূচি গতকাল গীতাঞ্জলি অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৫৬ জন সুপারভাইজার ও ১১৬ জন কাউন্টিং এসিস্ট্যান্ট অংশ নেন। উল্লেখ্য, কুমারঘাট ব্লক অফিস চত্বরে দু'টি গননাহলে আগামীকাল পঞ্চায়েত নির্বাচনের ভোটগণনা করা হবে।

Khudiram Basu :

ভারতের স্বাধীনতা সংগ্রামের অন্যতম বিপ্লবী ক্ষুদিরাম বসুর আজ মৃত্যু দিন। দিনটির স্মরণে রাজ্যেও বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ সকালে আগরতলার উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে ক্ষুদিরাম বসুর মূর্তির পাদদেশে ক্ষুদিরাম স্মৃতি রক্ষা কমিটির উদ্যোগে স্মরণ সভার আয়োজন করা হয়। সভায় ক্ষুদিরাম বসুর অবদান নিয়ে আলোচনা করা হয়।

Har Ghar Tiranga-Gomati :

হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে গোমতী জেলা প্রশাসন ও উদয়পুর পুর পরিষদের উদ্যোগে আজ সকালে উদয়পুর শহরে এক বাইক র্যালি অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, ভাইস চেয়ারম্যান প্রদীপ দেবনাথ সহ সকল পুর পরিষদের কাউন্সিলারগণ। এই রেলিটি উদয়পুর টাউন হল প্রাঙ্গণ থেকে শুরু করে উদয়পুর সেন্ট্রাল রোড হয়ে হাসপাতাল চৌমুনি ও ব্রাহ্মবাড়ি হয়ে উদয়পুর

জাতীয় সড়ক ও এম জি রোড হয়ে ফের জামতলায় শেষ হয়।
এই রেলিতে শতাধিক মোটর বাইক ছিল।

EK PED MAA KE NAAM :

স্বাধীনতার ৭৮তম বর্ষ উপলক্ষ্যে গতকাল গোমতী জেলা প্রশাসনের উদ্যোগে "এক পেড় মা কে নাম" কর্মসূচির অঙ্গ হিসেবে উদয়পুর ব্রহ্মাবাড়ি এলাকায় বৃক্ষরোপন উৎসব পালন করা হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন গোমতীর জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা, অতিরিক্ত জেলা শাসক, গোমতী জেলা পুলিশ সুপার নামিত পাঠক, ডি এফ ও এইচ ভিগ্নেশ প্রমুখ উপস্থিত ছিলেন।

PM, Crop :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন দিল্লিতে ১০৯ ধরনের উচ্চ-ফলনশীল, জলবায়ু-স্থিতিস্থাপক এবং জৈব সুরক্ষিত বা বায়োফোর্টিফাইড ফসলের প্রকাশ করবেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী কৃষক ও বিজ্ঞানীদের সঙ্গে মতবিনিময় করবেন।

Mansukh Mandabvya :

কেন্দ্রীয় যুব কর্মসূচী ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভ্য গতকাল নতুনদিল্লিতে এক অনুষ্ঠানে প্যারিস অলিম্পিকে ব্রোঞ্জ পদক জয়ী ভারতীয় হকি দলের সদস্যদের সম্বর্ধনা জানান। ডঃ মনসুখ মান্ডভ্য সম্বর্ধনা সভায় বলেন, ভারতীয় হকি দলের উৎকর্ষতা,

অবদান ও কঠোর পরিশ্রম যে সাফল্য এনে দিয়েছে তা সমগ্র জাতিকে গর্বিত ও অনুপ্রাণিত করেছে।

এই জয় ভারতের লক্ষ লক্ষ তরুণ ক্রীড়াবিদকে তাদের স্বপ্ন পুরনে অনুপ্রাণিত করেছে। তিনি বলেন ভারতে হকির আরও বিকাশ ও দেশের প্রতিভার বিকাশে সরকার প্রয়োজনীয় সব রকম সহায়তা প্রদানে অঙ্গীকারবদ্ধ।

High Court Bar Vote :

ভোটের মাধ্যমে ত্রিপুরা হাইকোর্ট বার অ্যাসোসিয়েশনের নতুন কমিটি নির্বাচিত হয়েছে। ত্রিপুরা হাইকোর্ট চত্বরে গতকাল সকাল থেকে শুরু হয় আইনজীবীদের ভোটগ্রহণ। ঐদিন সন্ধ্যায় গণনা শেষে নতুন কমিটির নাম ঘোষণা করেন নির্বাচনের দায়িত্বে থাকা রিটারনিং অফিসার নেপাল মজুমদার। তিনি জানান, নতুন কমিটির সভাপতি হবেন বিহুল নন্দী মজুমদার এবং সম্পাদক সুব্রত সরকার। গণনার পর বিজেপি লিগাল সেলের কনভেনার বিশ্বজিৎ দেব জানান, হাইকোর্ট বারের ভোটে আইনজীবী উন্নয়ন মঞ্চ মোট ১১টি পদের মধ্যে ছয়টিতে জয় পেয়েছে।

Second Division Football :

টিএফএ আয়োজিত দ্বিতীয় ডিভিশন ফুটবলে গতকাল ত্রিপুরা পুলিশ সঙ্গে ত্রিপুরা স্পোর্টস স্কুলের ম্যাচটি ৪-৪ গোলে ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আয়োজিত এই ম্যাচের প্রথম দিকে ৪-১ গোলে এগিয়ে ছিল ত্রিপুরা পুলিশ। খেলার দ্বিতীয়ার্ধে ত্রিপুরা স্পোর্টস স্কুল আরও তিনটি গোল করে। এই ম্যাচে

ত্রিপুরা স্পোর্টস স্কুলের পক্ষে মোয়া ডারলং হেট্রিক করেন।
ত্রিপুরা পুলিশে পক্ষে স্ট্যালিং রিয়াং দুটি গোল করেন।
